NYC Children | NYC Department of Education

# প্রারম্ভিক পরিচর্যা ও শিক্ষা সংক্রান্ত প্রোগ্রাম (Early Care & Education Programs)

## নিউ ইয়র্ক সিটির পরিবারগুলির জন্য (New York City Families)

নিউ ইয়র্ক সিটি যোগ্য বলে বিবেচিত পরিবারগুলির জন্য বিনামূল্যে বা কম খরচে অনেকগুলি চাইল্ড কেয়ার এবং এডুকেশনাল প্রোগ্রাম প্রদান করে। এই প্রোগ্রামগুলি সারা বছর ধরে জন্ম থেকে তেরো বছর বয়স পর্যন্ত (বা প্রতিবন্ধী শিশুদের জন্য 19 বছর বয়স পর্যন্ত) শিশুদের যত্ন এবং শিক্ষা প্রদান করে। আপনার পরিবারের আয় এবং যত্নের কারণের উপর ভিত্তি করে যোগ্যতা নির্ধারন করা হয়। আপনি যদি যোগ্য বলে বিবেচিত হন এবং যদি একটি সিট উপলভ্য থাকে তবে আপনার শিশু যে কোনও সময় এটিতে অংশগ্রহণ করতে পারে।

## বিকল্পসমূহ

### EarlyLearn

DOE-এর আর্লি হেড স্টার্ট (Early Head Start) সহ EarlyLearn প্রোগ্রামগুলি শিশু এবং বাচ্চাদের জন্য প্রাথমিক যত্ন এবং শিক্ষা প্রদান করে।

**বয়স: বয়স 0-2 বছর।**
**প্রোগ্রাম: কেন্দ্র এবং গৃহ ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 10 ঘন্টা পর্যন্ত**

**www.nyc.gov/earlylearn**

### সবার জন্য 3-K

NYC পরিবারগুলির সবাই বিনামূল্যে, সারা দিন ব্যাপী, উচ্চ মানের 3-K-এর আবেদন করতে পারে। এই প্রোগ্রামগুলি সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের পরিবারগুলির জন্য উপলভ্য, তবে কিছু ডিস্ট্রিক্টে আসন সংখ্যা সীমিত। পরিবারগুলি সেই ক্যালেন্ডার বছরে 3-K-এতে আবেদন করতে পারে যে বছরে আপনার সন্তানের বয়স তিন বছর হয়।

**বয়স: 3 বছর**
**প্রোগ্রাম: কেন্দ্র, স্কুল এবং গৃহ ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 10 ঘন্টা পর্যন্ত**

**www.nyc.gov/3k**

### সবার জন্য Pre-K

NYC পরিবারগুলির সবাই বিনামূল্যে, সারা দিন ব্যাপী, উচ্চ মানের Pre-K-তে আবেদন করতে পারে। এই প্রোগ্রামগুলি আয় বা প্রয়োজন নির্বিশেষে সমস্ত স্কুল ডিস্ট্রিক্টে সমস্ত পরিবারের জন্য উপলভ্য। পরিবারগুলি সেই ক্যালেন্ডার বছরে Pre-K-তে আবেদন করতে পারে যে বছরে আপনার সন্তানের বয়স চার বছর হয়।

**বয়স: 4 বছর**
**প্রোগ্রাম: কেন্দ্র এবং স্কুল ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 10 ঘন্টা পর্যন্ত**

**www.nyc.gov/prek**

### শিশু পরিচর্যারভাউচার

শিশু পরিচর্যা ভাউচারগুলি শহর জুড়ে শত শত গৃহ-ভিত্তিক এবং কেন্দ্র-ভিত্তিক পরিষেবা প্রদানকারীদের কাছে শিশুর পরিচর্যার খরচকে কভার করতে সহায়তা করে। ভাউচারগুলি অনুমোদিত আত্মীয়, প্রতিবেশী বা বন্ধুদেরকে যত্নের জন্য অর্থ প্রদান করতেও ব্যবহার করা যেতে পারে।

**বয়স: 6 সপ্তাহ - 13 বছর (বা প্রতিবন্ধী শিশুদের জন্য 19 বছর)**
**প্রোগ্রাম: কেন্দ্র এবং গৃহ ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 24 ঘন্টা পর্যন্ত**

**nyc.gov/childcarevouchers**

আরও তথ্যের জন্য পরের পাতায় যান

# প্রারম্ভিক পরিচর্যা ও শিক্ষা সংক্রান্ত প্রোগ্রাম (Early Care & Education Programs)

## নিউ ইয়র্ক সিটির পরিবারগুলির জন্য (New York City Families)

## যোগ্যতা

আপনার পরিবার একটি ACS চাইল্ড কেয়ার ভাউচার বা একটি DOE হেড স্টার্ট (Head Start), EarlyLearn বা এক্সটেন্ডেড ডে/ইয়ার (Extended Day/Year) প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করতে পারে যদি 1) আপনার পরিবারের আয় যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার 300% বা তার নিচে হয় এবং 2) আপনার সন্তানের যত্ন নেওয়ার জন্য নিম্নলিখিত কারণগুলির মধ্যে একটি হল: আপনি প্রতি সপ্তাহে 10+ ঘন্টা কাজ করেন, এক শিক্ষামূলক বা বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রোগ্রামে আছেন, কাজ খুঁজছেন, অস্থায়ী আবাসনে বাস করছেন, বা গার্হস্থ্য সহিংসতার জন্য পরিষেবাগুলিতে অংশ নিচ্ছেন। **access.nyc.gov** -এতে আপনার যোগ্যতা পরীক্ষা করতে আপনি একটি সংক্ষিপ্ত সমীক্ষা করতে পারেন

## কীভাবে আবেদন করবেন

### EarlyLearn -এর জন্য, সবার জন্য 3K অথবা সবার জন্য Pre-K:

**একটি প্রোগ্রাম শনাক্ত করুন**

- সকলের জন্য EarlyLearn, 3K, এবং Pre-K প্রোগ্রামের একটি ডিরেক্টরির জন্য **www. MySchools.nyc/schools** -এ যান।
- যদি আপনি সারা বছর ধরে পরিচর্যা প্রদানকারী প্রোগ্রামগুলিতে আগ্রহী হন (গ্রীষ্মের মাসগুলি সহ) তাহলে "অধিক ফিল্টার" ("More Filters") ট্যাবটি ব্যবহার করুন এবং "হেড স্টার্ট" ("Head Start") বা "বর্ধিত দিন/বছর" ("Extended Day/Year") বেছে নিন
- 718-935-2009 নম্বরে কল করুন, **ES_Enrollment@schools.nyc.gov** -এতে ইমেইল করুন বা সাহায্যের জন্য একটি DOE Family Welcome Center -এ যান

**আবেদন করুন:**
**Early Learn, সকলের জন্য 3K, এবং সকলের জন্য Pre-K বর্ধিত দিন/বছরের প্রোগ্রামের জন্য**

**হেড স্টার্ট(Head Start) প্রোগ্রামের জন্য:**

- প্রোগ্রামের মাধ্যমে সরাসরি আবেদন করুন (নির্দেশাবলীর জন্য তাদের ওয়েবসাইটে যান বা কল করুন)।

**অন্যান্য সমস্ত প্রোগ্রামের জন্য:**

- **bit.ly/childcareeligibility** –এতে একটি আবেদন পত্র পূরণ করুন
- **CCapplication@schools.nyc.gov** এ ইমেইল করে অথবা ডাকযোগে Family Welcome Center, 333 7th Avenue 12th floor, New York, NY, 100010 –এতে পাঠিয়ে আপনার প্রোগ্রামে বা DOE-এতে আপনার আবেদনটিকে জমা করুন

**আবেদন করুন:**
**সকলের জন্য 3K বা সকলের জন্য Pre-K স্কুল দিন/বছরের প্রোগ্রামের জন্য**

- অবিলম্বে খোলার বিষয়ে বা কখন একটি আসন উপলভ্য হতে পারে সে সম্পর্কে জানতে সরাসরি 3K বা Pre-K প্রোগ্রামে কল করুন। এই প্রোগ্রামগুলির জন্য কোনও যোগ্যতা নির্ধারণের প্রয়োজন হয় না!

### চাইল্ড কেয়ার ভাউচারের জন্য (Child Care Vouchers):

**একটি প্রোগ্রাম শনাক্ত করুন**

- ডিরেক্টরি অফ লাইসেন্সড আর্লি কেয়ার এবং এডুকেশন সেন্টারস, স্কুল ভিত্তিক প্রোগ্রামগুলি, এবং অনুমোদিত সামার ক্যাম্পগুলি বা রেজিস্টার করা গৃহ ভিত্তিক প্রদানকারীদের ডিরেক্টরির জন্য বা OCFS-এর চাইল্ড কেয়ার সার্চ টুল পেতে DOHMH এর চাইল্ড কেয়ার কানেক্ট পোর্টাল ভিজিট করুন।
- কোন প্রোগ্রামে অংশ নিতে হবে তা যদি আপনি না জানেন, তবে - আপনি এই তথ্য অন্তর্ভুক্ত না করেই চাইল্ড কেয়ার আবেদন পত্রটি জমা দিতে পারেন।
- সাহায্যের জন্য (212) 835-7610 নম্বরে কল করুন।

**আবেদন করুন**

- **https://www1.nyc.gov/site/acs/early-care/forms.page** -এতে একটি আবেদন পত্র পূরণ করুন
- আপনার আবেদন পত্রটি ডাকযোগে NYC Children - EDU, PO Box 40, Maplewood, N.J., 07040 -এতে ACS-এ জমা দিন।
- যদি যোগ্য বলে বিবেচিত হন, তবে আপনাকে একটি ভাউচার প্রদান করা হবে যা আপনি পূরণ করবেন এবং ACS-এতে জমা দিবেন।

আরও তথ্যের জন্য পরের পাতায় যান